

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং- ৫২.০১.০০০০.৪০৯.৫৪.৩৭৯.২৩.৩২২২

তারিখ: ৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের ক্রয়কৃত ট্যাবলেটের মধ্যে প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেট বিতরণ সম্পন্ন না করতে পারার কারণ ব্যাখ্যাকরণ সংক্রান্ত।

সূত্র: (১) ৫২.০১.০০০০.৪০৯.৫২.৩৮৯.২৩.২৩৯২, তারিখ: ১৮/০৪/২০২৩ খ্রি.
(২) ৫২.০১.০০০০.৪০৯.৫৪.৩৭৯.২৩.১৮৬৩, তারিখ: ২২/০২/২০২৩ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় ক্রয়কৃত ট্যাবলেটসমূহের মধ্যে প্রয়োজনের অতিরিক্ত ট্যাবলেটসমূহ মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে মাধ্যমিক বিদ্যালয় ও সমমানের সরকারি মাদ্রাসাসমূহের মেধাবী শিক্ষার্থীদের মধ্যে বিতরণের লক্ষ্যে প্রস্তুতকৃত গাইডলাইন অনুযায়ী সারাদেশের মেধাবী শিক্ষার্থীদের মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ট্যাবলেট বিতরণের উদ্যোগ করা হয়েছে, যা অদ্যাবধি সম্পন্ন হয়নি।

০২। জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প থেকে গত ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে (সূত্র-২) মাঠ পর্যায়ে ট্যাবলেট বিতরণ সংক্রান্ত একটি পত্র প্রেরণ করা হয় যেখানে ২৫ মার্চ ২০২৩ এর মধ্যে ট্যাব বিতরণ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু ট্যাবগুলো মেধাবী শিক্ষার্থীদের মাঝে বিতরণ করার পরও অনেক ট্যাব অবশিষ্ট থাকে। পরবর্তীতে ১৮ এপ্রিল ২০২৩ তারিখে (সূত্র-১) প্রেরিত অস্পষ্টতা দূরীকরণ বিষয়ক পত্রের মাধ্যমে সরকারি মাদ্রাসার পাশাপাশি এমপিওভুক্ত মাদ্রাসাকে অন্তর্ভুক্ত করে ট্যাবগুলো মেধাবী শিক্ষার্থীদের (যারা পূর্বে পায়নি) মাঝে ১১ মে ২০২৩ তারিখের মধ্যে বিতরণ কার্যক্রম সম্পন্ন করে ১৮ মে ২০২৩ তারিখের মধ্যে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকা প্রকল্প দপ্তরে প্রেরণের অনুরোধ করা হয়, যা এখনো মাঠ পর্যায়ের অনেক এলাকায় সম্পন্ন করা হয়নি।

০৩। অবশিষ্ট ট্যাবসমূহ আগামী ১০ জুলাই ২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বিতরণ সম্পন্ন করে আইসিএমএস সফটওয়্যারে এন্ট্রিপূর্বক শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকা আগামী ১৩ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত উপপরিচালকগণকে নির্দেশ প্রদান করা হলো।

০৪। এছাড়া, যে সকল জেলায় ট্যাব বিতরণ এখনো সম্পন্ন হয়নি, নির্ধারিত সময়ে কেন সম্পন্ন করা হয়নি তার ব্যাখ্যা আগামী ২৭ জুন ২০২৩ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে ইমেইলের মাধ্যমে (proloy.goswami@gmail.com এবং monirbbs3082@gmail.com) প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: জেলাভিত্তিক ট্যাব বিতরণের অগ্রগতি।


সোঃ মাসুদুল হক
মহাপরিচালক
ফোনঃ ০২-৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov.bd

বিতরণ:

- ১। যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বিভাগ।
- ২। উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়, জেলা।

অনুলিপি: সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

- ১। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৪। পরিচালক, এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৫। অফিস কপি।